

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.২১-৭০

তারিখঃ ৩১/০৩/২০২১ খ্রিঃ

বিষয়ঃ Annual Maintenance Services for Technical Support of e-Govt. Network and Onsite Support Service (Info Sarkar-2) শীর্ষক দরপত্র আহ্বানের পদ্ধতি ও ফর্ম ব্যবহারের বিষয়ে সিপিটিইউ'র মতামত।


সূত্রঃ-(১) ৫৬.০১.০০০০.০০৫.৫৪.৩১৯.২০.২৫৩; তারিখঃ ২৫/০২/২০২১

(২) ৫৬.০১.০০০০.০০৫.৫৪.৩১৯.২০.৬৫৯; তারিখঃ ১৭/০৯/২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কার্য ও ভৌত সেবা এবং পেশাগত ও বুদ্ধিবৃত্তিক সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৫৪ অনুযায়ী কোন ব্যক্তিবর্গ যৌথ উদ্যোগে ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে। কোন নির্দিষ্ট ক্রয় পদ্ধতি এবং আর্থিক সীমাভেদে প্রণীত আদর্শ দরপত্র দলিলসমূহে উল্লেখ থাকা সাপেক্ষে দরদাতাগণ যৌথ উদ্যোগ গঠনের মাধ্যমে দরপত্রে অংশগ্রহণ করতে পারে। ভৌত সেবা ক্রয়ের জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল PSN এ যৌথ উদ্যোগ গঠনের বিধান নেই বিধায় এ ধরনের ক্রয় কাজে যৌথ উদ্যোগে দরপত্র দাখিল করার সুযোগ নেই।

০২। সূত্রে উল্লিখিত পত্রের বিষয়ে আরো জানানো যাচ্ছে যে, পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্রা বিবেচ্য (ধারা ৩১ ও বিধি ৬১)। ক্রয়কারী ধারা ৩২ ও বিধি ৬২ এর বিধান প্রযোজ্য হলে কেবল অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে। উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল PSN ব্যবহার করতে হবে।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।


৩১.০৩.২০২১
(মুহম্মদ শামীম কিবরিয়া)
উপপরিচালক
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

সচিব

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা।

(দৃ. আ.-নির্বাহী পরিচালক, মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট)

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।